

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মনজুর হাসান ভূইয়া পরিচালক (ফ্রেয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১২/০৬/২০২২খ্রিঃ।
সভার সময়	দুপুর ০২:০০ ঘটিকা।
স্থান	পরিচালক (ফ্রেয় ও বিপণন) মহোদয়ের দপ্তর।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ২০২১-২০২২ অর্থ-বছরে এটি শেষ সভা। তিনি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য সচিব অর্থ বিশ্লেষক (পরিকল্পনা বিভাগ) বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০২১-২২ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য সচিব অর্থ বিশ্লেষক (পরিকল্পনা বিভাগ) সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন বাস্তবায়নের নির্দেশনাসে লক্ষ্যে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে কাপ্তাই হুদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, বামউক, রাঙামাটি কর্তৃক প্রস্তাবিত 'ক্রিক নার্সারি' এবং 'কাপ্তাই হুদে চিতল মাছের আধিক্য বৃদ্ধিতে নিজস্ব ব্যবস্থাপনায় পোনা উৎপাদন' নামক উদ্ভাবনী ধারণা ০২টি বাস্তবায়নের নিমিত্ত পত্র নং- ১১৯; তারিখ: ২৯/০৯/২০২১খ্রিঃ এর মাধ্যমে অফিস আদেশ জারি করা হয়। উক্ত উদ্ভাবনী ধারণা ০২টি'র বাস্তবায়ন অগ্রগতি বামউক, রাঙামাটি কেন্দ্র হতে পাওয়া যায়। এছাড়াও কর্পোরেশনের ব্যবস্থাপক (বাস্তবায়ন) এবং সহকারী পরিকল্পনা কর্মকর্তা গত ২১/০৫/২০২২খ্রিঃ তারিখে লংগদুতে বাস্তবায়নাধীন 'ক্রিক নার্সারি' এর কার্যক্রম পরিদর্শন করেন।

অর্থ নিয়ন্ত্রক জানান যে, সেবা ডিজিটাইজেশনের অংশ হিসেবে চট্টগ্রাম মৎস্য বন্দরের এ্যাকাউন্টিং সিস্টেম ডিজিটাইজেশনের জন্য এ্যাকাউন্টিং সফটওয়্যার ক্রয়ের আর্থিক অনুমোদন প্রদান করা হয়েছে। এ্যাকাউন্টিং সফটওয়্যার চালু করা হলে সেবা গ্রহীতা তথা বহিঃস্থ বিভিন্ন পার্টি/স্টেকহোল্ডারদের চাহিদা মোতাবেক যথাসময়ে সেবা প্রদান এবং অভ্যন্তরীণ বিভিন্ন প্রতিবেদন দ্রুতসময়ে প্রস্তুত করা সম্ভব হবে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪টি প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা রয়েছে, যা সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। তিনি আরো বলেন, ২০২১-২২ অর্থবছরে ইনোভেশন খাতে ৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা আছে, যার বিপরীতে এখন পর্যন্ত ব্যয় হয়েছে ৪.৪০ লক্ষ টাকা। উক্ত ব্যয়কৃত অর্থ মোট বরাদ্দের ৭৩.২২%।

হিসাব নিয়ন্ত্রক বলেন, কর্পোরেশনের তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি গত মে ২০২২ মাসের পরিসংখ্যান তুলে ধরে বলেন, গত মাসে ৭৪% ফাইল ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করা হয়, যা অত্যন্ত আশাব্যঞ্জক। কর্পোরেশনের অন্যান্য সেবা ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে প্রদানের জন্য কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, ইতোপূর্বে বাস্তবায়িত ‘বিএসডিসি মৎস্য বাজার’ এ্যাপস এর পরিধি বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়াও চট্টগ্রাম মৎস্য বন্দর কর্তৃক প্রস্তাবিত ‘অনলাইনের মাধ্যমে মৎস্য প্রক্রিয়াকরণের পার্টি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ’ সেবাটি মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে সহজিকরণ করা হচ্ছে।

সভাপতি মহোদয় কর্পোরেশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ লক্ষমাত্রা অর্জনে সকলকে নিরলসভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১।	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশনসমূহ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করতে হবে;
২।	ই-নথি কার্যক্রম বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে;
৩।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর শতভাগ লক্ষমাত্রা অর্জনে উদ্যমী হতে হবে।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মনজুর হাসান ভূইয়া
পরিচালক (ক্রয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.৯৭

তারিখ: ৫ আষাঢ় ১৪২৯

১৯ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) ব্যবস্থাপক (বাস্তবায়ন), বাস্তবায়ন বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৩) ব্যবস্থাপক (ক্রয়), ক্রয় বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৪) ব্যবস্থাপক (মার্কেটিং) (অতিরিক্ত দায়িত্ব), বিপণন বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৫) হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৬) অর্থ নিয়ন্ত্রক, অর্থ বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৭) একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোঃ মনজুর হাসান ভূইয়া
পরিচালক (ফ্রয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব)